

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে বিশ্ব ক্যান্সার দিবস উদযাপিত ক্যান্সারের প্রকোপ দ্রুত বাড়ছে, প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির বিকল্প নেই: উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেন, ক্যান্সারের প্রকোপ দিন দিন বৃদ্ধি পাচ্ছে যা সত্যিই উদ্বেগজনক। ভেজাল খবার, শস্য উৎপাদনে কীটনাশকের ব্যবহার, পরিবেশ দূষণ, ধূমপানসহ নানা কারণে মানুষ ক্যান্সারে আক্রান্ত হচ্ছে। সকল ধরনের ক্যান্সার প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির বিকল্প নাই। জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রিন্ট, ইলেকট্রনিক মিডিয়া, অনলাইন সংবাদপত্রসহ গণমাধ্যমের বিরাট ভূমিকা রয়েছে। যেকোনো ধরনের ক্যান্সার আগেভাগে চিহ্নিত হলে তা নিরাময়, নিয়ন্ত্রণ ও প্রতিরোধ করা সম্ভব। তিনি আরো বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অনকোলজি বিভাগ, হেমাটোলজি বিভাগ, শিশু হেমাটোলজি ও অনকোলজি বিভাগ এবং ট্রান্সফিউশন মেডিসিন বিভাগে রক্ত রোগ ও ব্লাড ক্যান্সারসহ বিভিন্ন ধরনের ক্যান্সারের সুচিকিৎসার ব্যবস্থা রয়েছে। বর্তমান প্রশাসন ক্যান্সারে আক্রান্ত রোগীদের উন্নত চিকিৎসাসেবা প্রদানের লক্ষ্যে অনকোলজি বিভাগসহ সংশ্লিষ্ট বিভাগগুলোকে আরো আধুনিকায়নসহ প্রয়োজনীয় উদ্যোগ নিয়েছে। আজ রবিবার ৪ ফেব্রুয়ারি ২০১৮ইং তারিখ, সকাল ৯টায় এ বিশ্ববিদ্যালয়ের এ ব্লকের সামনে বটতলায় থেকে বিশ্ব ক্যান্সার দিবস উপলক্ষে অনকোলজি বিভাগের উদ্যোগে আয়োজিত এক বণার্চ র্যালি পূর্ব সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। র্যালিটি ক্যান্সারের বিভিন্ন অংশ প্রদক্ষিণ করে ডি ব্লকে গিয়ে শেষ হয়। এর আগে দিবসটি উপলক্ষে বেলুন ও পায়রা উড়ানো হয়। এসময় উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, অনকোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. সারওয়ার আলম, শিশু হেমাটোলজি ও অনকোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. চৌধুরী ইয়াকুব জামাল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, জরায়ুমুখ ও স্তন ক্যান্সার স্ক্রীনিং ও প্রশিক্ষণের জন্য জাতীয় কেন্দ্র স্থাপন প্রকল্পের পরিচালক অধ্যাপক ডা. আশরাফুল্লাহ, অনকোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. জিল্লুর রহমান ভূঁইয়া, হেমাটোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. মোঃ আব্দুল আজিজ, সহযোগী অধ্যাপক ডা. মোঃ সালাহউদ্দীন শাহ প্রমুখ।

